



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/3/2022

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল ঘোষণা করেছেন যে 25 মিলিয়ন ডলার উপলব্ধ 1,500-রও বেশি স্বাস্থ্যকর, সাশ্রয়ী, শক্তি-দক্ষ গৃহ তৈরি করার জন্য

*পরিচ্ছন্ন শক্তির উদ্যোগের দ্বিতীয় পর্যায় গভর্নর হোকলের 2030 সালের মধ্যে দুই মিলিয়ন বৈদ্যুতিকরণ করা বা বৈদ্যুতিকরণের জন্য প্রস্তুত গৃহের লক্ষ্য পূরণের উদ্দেশ্যে অগ্রসর করে*

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করেছেন যে ক্লিন এনার্জি ইনিশিয়েটিভের মাধ্যমে 25 মিলিয়ন ডলারের ফেডারেল তহবিল এখন উপলব্ধ 1,500-রও বেশি শক্তি-দক্ষ, জলবায়ু-অনুকূল সাশ্রয়ী গৃহের জন্য রাজ্য জুড়ে বহু-পরিবারের ভবনগুলির জন্য। এই উদ্যোগটি গভর্নরের ভবন নির্গমন রোধ এবং 2030 সালের মধ্যে দুই মিলিয়ন জলবায়ু-অনুকূল, বিদ্যুতায়ন করা, বা বিদ্যুতায়নের জন্য প্রস্তুত গৃহ অর্জনের কৌশলের অংশ।

"নিউ ইয়র্কের একটি পরিষ্কার এবং সবুজতর ভবিষ্যতে রূপান্তরের জন্য ভবন খাতে দৃষণ কমাতে আক্রমণাত্মক পদক্ষেপের প্রয়োজন।" **গভর্নর হোকল বলেন।** "ক্লিন এনার্জি ইনিশিয়েটিভের মাধ্যমে, আমরা এই দশকের মধ্যে দুই মিলিয়ন জলবায়ু-অনুকূল গৃহ অর্জনের পরিকল্পনা নিয়ে অগ্রসর হচ্ছি এবং আগামী বহু প্রজন্ম ধরে সকল নিউ ইয়র্কবাসীর জন্য সবুজতর আবাসন উপলব্ধ হয় তা নিশ্চিত করছি।"

ক্লিন এনার্জি ইনিশিয়েটিভ আবাসন উন্নয়নকারীদের দক্ষতা এবং বিদ্যুতায়নের অনুদান তহবিল, সাশ্রয়ী মূল্যের আবাসন ফাইন্যান্সের সুযোগ এবং প্রযুক্তিগত সহায়তার সুবিন্যস্ত অ্যাক্সেস প্রদান করে যা শেষ পর্যন্ত আরও বেশি নিউ ইয়র্কবাসীকে স্বাস্থ্যকর, পরিচ্ছন্ন শক্তির গৃহের সুবিধা পেতে দেয়। নিউ ইয়র্ক স্টেট হোমস এবং কমিউনিটি রিনিউয়াল (New York State Homes and Community Renewal) প্রোগ্রামটি পরিচালনা করে এবং নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি (New York State Energy Research and Development Authority) এর সহায়তা করে, [2021 সালে শুরু হওয়া](#) 600টি নতুন শক্তি-দক্ষ গৃহ নির্মাণের জন্য 7.5 মিলিয়ন ডলারের পাইলট প্রোগ্রাম সহ।

তহবিলের এই দ্বিতীয় পর্যায় নতুন নির্মাণ এবং অভিযোজিত পুনঃব্যবহার প্রকল্পের জন্য অব্যাহত প্রণোদনা ছাড়াও মাঝারি বা উল্লেখযোগ্য পুনর্বাসনের করা হচ্ছে এমন বিদ্যমান বহু-পারিবারিক আবাসিক ভবনগুলির প্রতি যোগ্যতাকে প্রসারিত করে। আবাসন উন্নয়নকারীরা

হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়ালের (Homes and Community Renewal, HCR) শীতকালীন 2022 মাল্টিফ্যামিলি ফাইন্যান্সের 9% এবং 4% প্রস্তাবের অনুরোধের মাধ্যমে [তহবিলের জন্য আবেদন করতে পারেন।](#)

আগে এই বছরে তার স্টেট অফ দ্য স্টেট ভাষণে, গভর্নর হোকল 2030 সালের মধ্যে ন্যূনতম এক মিলিয়ন বিদ্যুতায়ন করা গৃহ এবং এক মিলিয়ন পর্যন্ত বিদ্যুতায়ন-প্রস্তুত গ্রহ অর্জনের একটি পরিকল্পনা ঘোষণা করেছিলেন, যার মধ্যে 800,000-এরও বেশি নিম্ন থেকে মধ্যম আয়ের পরিবারগুলির আপগ্রেড প্রাপ্তি অন্তর্ভুক্ত।

এই অভূতপূর্ব প্রতিশ্রুতি নিউ ইয়র্ক স্টেট ক্লাইমেট লিডারশিপ অ্যান্ড কমিউনিটি প্রোটেকশন অ্যাক্ট দ্বারা নির্ধারিত রাজ্যের কার্বন হ্রাসের লক্ষ্যমাত্রা পূরণ করতে সাহায্য করবে, যার জন্য 2050 সালের মধ্যে 1990 এর স্তর থেকে গ্রীনহাউস গ্যাস নির্গমন 85 শতাংশ হ্রাস করা এবং শেষ পর্যন্ত অর্থনীতির সমস্ত খাতে নেট জিরো নির্গমন আবশ্যিক।

ক্লিন এনার্জি ইনিশিয়েটিভ ইতিমধ্যেই নিউ ইয়র্কের বিল্ডিং স্টকের কার্বন ফুটপ্রিন্ট কমানোর জন্য নিবেদিত 6.8 বিলিয়ন ডলারের উপর ভিত্তি করে তৈরি করেছে, যার মধ্যে রয়েছে [HCR এর সাশ্রয়ী মূল্যের আবাসন পোর্টফোলিও।](#)

**হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়ালের (Homes and Community Renewal, HCR) কমিশনার রুথঅ্যান ভিসনাউসকাস বলেন,** "গভর্নর হোকলের রূপান্তরকারী জলবায়ু এজেন্ডা প্রকৃত এবং নির্ভরযোগ্য সমাধান প্রদান করে ক্ষতিকারক ভবন নির্গমন হ্রাস করতে। ক্লিন এনার্জি ইনিশিয়েটিভ হল এই লক্ষ্য পৌঁছানোর একটি গুরুত্বপূর্ণ উপাদান, আবাসন উন্নয়নকারীদের জলবায়ু-বান্ধব সাশ্রয়ী মূল্যের গৃহ তৈরি এবং পুনরুদ্ধার করতে সহায়তা করার জন্য আর্থিক সংস্থান এবং প্রযুক্তিগত সহায়তা প্রদান করে। নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথোরিটির (New York State Energy Research and Development Authority, NYSERDA) সহযোগিতায়, প্রোগ্রামটি এখন বিদ্যমান ভবনগুলিতে প্রসারিত হচ্ছে যাতে আরও বেশি নিউ ইয়র্কবাসীরা কম শক্তির খরচ এবং স্বাস্থ্যকর বাড়িগুলি দ্বারা উপকৃত হতে পারে। এক সাথে, নিউ ইয়র্ক একটি সবুজতর এবং আরও টেকসই ভবিষ্যতের দিকে প্রকৃত অগ্রগতি করছে।"

**নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথোরিটির প্রেসিডেন্ট এবং সিইও ডরিন এম. হ্যারিস বলেছেন,** "স্বাস্থ্যকর, পরিচ্ছন্ন, সাশ্রয়ী এবং টেকসই আবাসনকে সমর্থন করা একটি ন্যায়সঙ্গত পরিচ্ছন্ন শক্তির ভবিষ্যতের জন্য আমাদের দৃষ্টিভঙ্গি উপলব্ধির জন্য গুরুত্বপূর্ণ, এবং আমরা আনন্দিত যে ক্লিন এনার্জি ইনিশিয়েটিভ বিদ্যমান ভবন থেকে হওয়া নির্গমনের মোকাবেলা করার জন্য প্রসারিত হচ্ছে। এই ধরনের স্কেলযোগ্য মডেলের মাধ্যমে যা আমাদের ভবনগুলি কার্বনমুক্ত করা সহজ এবং আরও সাশ্রয়ী করে তোলে, নিউ ইয়র্ক জলবায়ু পরিবর্তন মোকাবেলা করার জন্য ব্লুপ্রিন্ট সেট করে চলেছে এবং 2030 সালের মধ্যে 2 মিলিয়ন জলবায়ু-অনুকূল গৃহ অর্জনের গভর্নর হোকলের লক্ষ্যকে অগ্রসর করেছে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov) -এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)